

উপজেলা আইসিটি কমিটির মে/২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ জিন্নাতুল ইসলাম
 উপজেলা নির্বাহী অফিসার
 স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
 তারিখঃ ২১/০৫/২০২৬ খ্রিঃ
 সময়ঃ দুপুর ১২.৪৫ ঘটিকা।
 উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সরকারি যেকোন সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	আইসিটিডি ল্যাব সংক্রান্তঃ এই বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, কালিয়া উপজেলায় ১৭টি আইসিটিডি ল্যাব আছে। প্রতিমাসে কমপক্ষে ০৪টি ল্যাব ভিজিট করে প্রতিবেদন প্রেরণ করার জন্য আইসিটি অধিদপ্তরের নির্দেশনা রয়েছে।	১। সহকারী প্রোগ্রামারকে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি ল্যাব ভিজিট করে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, কালিয়া, নড়াইল। ৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান।
২.০	ওয়েব পোর্টালঃ উপজেলার সকল সরকারি দপ্তরের নিজস্ব ওয়েবপোর্টাল রয়েছে। সহকারী প্রোগ্রামার জানান যে, সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ নাই। উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান, ইউপি সচিব ও উদ্যোক্তাদের সভায় অনুরোধ জানানো হয়।	১। ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। ২। ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। ৩। এই বিষয় টেকনিক্যাল সাহায্যের দরকার হলে সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগের অনুরোধ করা হয়।	দপ্তর প্রধান (সকল)
৩.০	ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ডি-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্য যেসকল দপ্তরে ডি-নথি লাইভে আছে সে সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম বেগবান করতে হবে।	দপ্তর প্রধান (সকল)
৪.০	ইউডিসি সংক্রান্ত	১। ইউডিসি উদ্যোক্তাগণ তাদের আয় ও সেবা সংক্রান্ত তথ্য নিয়মিত একসেবা মনিটরিং টুলে আপলোড করবেন। ২। ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। ইউপি সচিব (সকল) ৩। ইউডিসি



ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		৩। যেসকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নেই, সেসকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা করতে হবে।	উদ্যোক্তা (সকল)
৫.০	সরকারি ইমেইল ব্যবহার সংক্রান্ত	যে সকল অফিসে সরকারি ইমেইল আছে, যোগাযোগ এবং ফাইল আদান-প্রদান করার ক্ষেত্রে সে সকল অফিসকে সরকারি ই-মেইলের ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়।	দপ্তর প্রধান (সকল)
৬.০	জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এর ক্যাম্পেইন	জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা ২০২৬-এ কালিয়া উপজেলা থেকে মোট ৬৫ জন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন করে। তার মধ্যে ৩১ জন ছাত্র-ছাত্রী প্রাথমিক বাছাই-এ উত্তীর্ণ হয়ে বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিভাগীয় প্রতিযোগিতায় সাইবার সেকুইরিটি অলিম্পিয়াড ২০২৬ এ কালিয়া উপজেলা থেকে ১ম ও কুইজ প্রতিযোগিতায় ৫ম স্থান অর্জন করে।	সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, কালিয়া, নড়াইল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 ২৪.০৫.২৬
 (মোঃ জিন্নাতুল ইসলাম)
 উপজেলা নির্বাহী অফিসার
 কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
 কালিয়া, নড়াইল।
<http://doict.kalia.narail.gov.bd>

স্মারক নং- ৫৬.০৪.৬৫২৮.০০০.০৬.০০১.২৩. ১৭

তারিখঃ ২৪ মে ২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নড়াইল।
- ৩। উপজেলা কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
- ৪। ইউপি চেয়ারম্যান (সকল), কালিয়া, নড়াইল।
- ৫।
- ৬। অফিস কপি।


 ২৪/০৫/২৬
 (প্রস্তুট মন্ডল)
 সহকারী প্রোগ্রামার
 উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
 কালিয়া, নড়াইল।